# দিনাজপুর জেলার সেপ্টেম্বর, ২০১৭ মাসের (৯ম সভা) জেলা গুচ্ছগ্রাম/আদর্শগ্রাম প্রকল্প
## বাস্তবায়ন কমিটি সভার কার্যবিবরণী:

| | |
|---|---|
| সভাপতি | : মীর খায়রুল আলম<br>জেলা প্রশাসক, দিনাজপুর। |
| সভার তারিখ | : ২৪ সেপ্টেম্বর, ২০১৭ খ্রি.। |
| আলোচ্য মাস | : আগস্ট, ২০১৭ খ্রি.। |
| সভার সময় | : দুপুর ১.২০ ঘটিকা। |
| সভার স্থান | : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | : সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক'ও 'খ'। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতি কর্তৃক এজেন্ডা ভিত্তিক আলোচনার জন্য রেভিনিউ ডেপুটি কালেক্টর, দিনাজপুরকে অনুরোধ করা হয়। রেভিনিউ ডেপুটি কালেক্টর কর্তৃক গত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০২। আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পের প্রস্তাব সংক্রান্ত আলোচনা:

সভায় সদস্য-সচিব রেভিনিউ ডেপুটি কালেক্টর কর্তৃক জানানো হয় যে, আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গরীব, অসহায় ভূমিহীন পরিবার পুনর্বাসনের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি রয়েছে। সেই লক্ষ্যে এ মাসে কাহারোল উপজেলা হতে ০৬ টি এবং ঘোড়াঘাট উপজেলা হতে ০১ টি গুচ্ছগ্রাম প্রকল্পের প্রস্তাব পাওয়া গেছে। ইতোপূর্বে বিরল ও নবাবগঞ্জ উপজেলা হতে ০৬ টি গুচ্ছগ্রাম প্রকল্পের প্রস্তাব পাওয়া গেলেও প্রকল্প প্রস্তাবে ত্রুটি থাকায় সেগুলি সংশোধনের নিমিত্ত সংশ্লিষ্ট উপজেলায় ফেরত দেয়া হয়েছে (পরিশিষ্ট-গ)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কর্তৃক আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায় জরুরিভিত্তিতে প্রস্তাব প্রেরণের বিষয়ে সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি)দের দৃষ্টি আকর্ষণ করা হয়। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) আরও বলেন, ইতোপূর্বে পরিশিষ্ট-ঘ এ উল্লিখিত ৩০ টি আদর্শগ্রাম প্রকল্পের মাটির কাজের প্রস্তাব অনুমোদনের জন্য ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, আদর্শগ্রাম প্রকল্প-২, ভূমি মন্ত্রণালয়, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পি.এম.ইউ) বরাবর প্রেরণ করা হয়েছে। কিন্তু প্রকল্পসমূহের মাটির কাজের প্রস্তাব অনুমোদন অন্তে ফেরত পাওয়া যায়নি। সভাপতি কর্তৃক আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে গরীব, অসহায় ভূমিহীন পরিবার পুনর্বাসনের নিমিত্তে জরুরিভিত্তিতে নিষ্কন্টক খাসজমি চিহ্নিত করে প্রস্তাব প্রেরণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) কে নির্দেশনা প্রদান করা হয়। সভায় ইতোপূর্বে প্রস্তাবিত প্রকল্পসমূহের অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, আদর্শগ্রাম প্রকল্প-২, ভূমি মন্ত্রণালয়, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পি.এম.ইউ) এবং আঞ্চলিক ব্যবস্থাপক, আদর্শগ্রাম প্রকল্প-২, রংপুর কার্যালয় এর দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ক): মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি মোতাবেক আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায় গরীব, অসহায় ভূমিহীন পরিবার পুনর্বাসনের নিমিত্ত জরুরিভিত্তিতে নিষ্কন্টক খাসজমি চিহ্নিত করে প্রস্তাব প্রেরণের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) কে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত খ): পরিশিষ্ট-'ঘ' এ উল্লিখিত মাটির কাজের জন্য প্রেরিত আদর্শগ্রাম প্রকল্প প্রস্তাবসমূহ অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, আদর্শগ্রাম প্রকল্প-২, ভূমি মন্ত্রণালয়, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পি.এম.ইউ) এবং আঞ্চলিক ব্যবস্থাপক, আদর্শগ্রাম প্রকল্প-২, রংপুর কার্যালয় এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), (সকল), দিনাজপুর।

০৩। বাস্তবায়নাধীন আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্পের গৃহ নির্মাণ ও মাটির কাজ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা:

সভায় সদস্য-সচিব রেভিনিউ ডেপুটি কালেক্টর কর্তৃক জানানো হয় যে, দিনাজপুর জেলার বিরল, কাহারোল, বীরগঞ্জ, খানসামা, পার্বতীপুর ও হাকিমপুর উপজেলাধীন ১১ (এগারো) টি গুচ্ছগ্রাম প্রকল্পের জন্য বরাদ্দপ্রাপ্ত প্রকল্পের গৃহ নির্মাণসহ আনুষঙ্গিক কাজ চলমান রয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-ঙ)। এ জেলার বিভিন্ন উপজেলায় আরও ২০ টি প্রকল্পের মাটির কাজ দীর্ঘদিন পূর্বে সম্পাদিত হয়েছে (পরিশিষ্ট-চ)। উক্ত প্রকল্পসমূহের গৃহ নির্মাণের বরাদ্দ এখনও পাওয়া যায়নি। সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর বিভিন্ন উপজেলায় মাটির কাজ সম্পাদিত ২০ টি প্রকল্পের জমি বর্তমানে কি অবস্থায় আছে, প্রকল্পভুক্ত জমি যেন বে-দখলে না যায় এবং সরকারের দখলে থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জরুরিভিত্তিতে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে দৃষ্টি আকর্ষণ করেন। সভায় ইতোপূর্বে মাটির কাজ সম্পাদিত প্রকল্পসমূহের গৃহ নির্মাণসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, আদর্শগ্রাম প্রকল্প-২, ভূমি মন্ত্রণালয়, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পি.এম.ইউ) এবং আঞ্চলিক ব্যবস্থাপক, আদর্শগ্রাম প্রকল্প-২, রংপুর এর দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। অতঃপর এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :ক) পরিশিষ্ট -‘চ’ এ মাটির কাজ সম্পাদিত ২০ টি প্রকল্পের জমি বর্তমানে কি অবস্থায় আছে, প্রকল্পভুক্ত জমি যেন বে-দখলে না যায় এবং সরকারের দখলে থাকে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে জরুরিভিত্তিতে প্রতিবেদন দাখিলের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

সিদ্ধান্ত খ): পরিশিষ্ট-‘চ’ এ উল্লিখিত মাটির কাজ সম্পাদিত প্রকল্পসমূহের গৃহ নির্মাণসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, আদর্শগ্রাম প্রকল্প-২, ভূমি মন্ত্রণালয়, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পি.এম.ইউ) এবং আঞ্চলিক ব্যবস্থাপক, আদর্শগ্রাম প্রকল্প-২, রংপুর কার্যালয় এর দৃষ্টি আকর্ষণ করা হয়।

বাস্তবায়নে: (১) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
(২) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর।

০৪। বাস্তবায়িত গুচ্ছগ্রাম (আদর্শগ্রাম) প্রকল্পে পুনর্বাসিত পরিবার সমূহের কবুলিয়ত রেজিস্ট্রি ও নামজারী সংক্রান্ত আলোচনা:

সভায় রেভিনিউ ডেপুটি কালেক্টর কর্তৃক জানানো হয় যে, ২০০৯-১০ অর্থ বছর হতে এ পর্যন্ত গুচ্ছগ্রাম প্রকল্পের আওতায় ২১ টি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়িত ২১ টি প্রকল্পে পুনর্বাসিত ৬৮০ টি পরিবারের অনুকূলে বন্দোবস্ত নথি অনুমোদন, কবুলিয়ত রেজিস্ট্রি এবং নামজারী সম্পন্ন হয়েছে (বিস্তারিত পরিশিষ্ট-ছ)। রেভিনিউ ডেপুটি কালেক্টর আরো জানান যে, ইতোপূর্বেও আদর্শগ্রাম-১ ও আদর্শগ্রাম-২ প্রকল্পের আওতায় ২৮টি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। বাস্তবায়িত ২৮টি গুচ্ছগ্রাম/আদর্শগ্রাম প্রকল্পের বন্দোবস্ত নথি অনুমোদনসহ কবুলিয়ত রেজিস্ট্রি এবং নামজারী সম্পন্ন হয়েছে (বিস্তারিত তথ্য পরিশিষ্ট- ‘জ’)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর বাস্তবায়িত প্রকল্পে কোন কারণে উপকারভোগী পরিবার প্রকল্পের ঘর ছেড়ে যদি অন্যত্র চলে যায় তাহলে সরেজমিন তদন্তক্রমে উক্ত ঘরে নতুন উপকারভোগী পরিবার নির্বাচন করে পূর্বের বন্দোবস্ত নথি বাতিলের প্রস্তাব প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি) গণের দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত :ক) জেলায় বাস্তবায়িত গুচ্ছগ্রাম/আদর্শগ্রাম প্রকল্পসমূহে কোন কারণে উপকারভোগী পরিবার প্রকল্পের ঘর ছেড়ে যদি অন্যত্র চলে যায় তাহলে সরেজমিন তদন্তক্রমে উক্ত ঘরে নতুন উপকারভোগী পরিবার নির্বাচন করে পূর্বের বন্দোবস্ত নথি বাতিলের প্রস্তাব প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মীর খায়রুল আলম)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্প বাস্তবায়ন কমিটি
দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,দিনাজপুর
( এস এ শাখা)
www.dinajpur.gov.bd

স্মারক নং ০৫.৫৫.২৭০০.০১১.০৭.০০৬.২০১৭-২৮৪৬(৩৯) তারিখ: ১২/১০/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, বি. আই. ডব্লিউ. টি. এ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। ন্যাশনাল প্রজেক্ট ডাইরেক্টর, আদর্শগ্রাম প্রকল্প-২, ভূমি মন্ত্রণালয়, প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পি.এম. ইউ) ৩/এ নীলক্ষেত, বাবুপুরা, ঢাকা-১২০৫।

০৬। পুলিশ সুপার, দিনাজপুর।

০৭। আঞ্চলিক ব্যবস্থাপক, আদর্শগ্রাম প্রকল্প-২, রংপুর কার্যালয়,মুলাটোলা, রংপুর।

০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।

০৯। বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর।

১০। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।

১১-২৩। উপজেলা নির্বাহী অফিসার........................................... (সকল), দিনাজপুর।

২৪। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, দিনাজপুর।

২৫-৩৭। সহকারী কমিশনার (ভূমি)............................................(সকল), দিনাজপুর।

৩৮। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর (ওয়েব পোর্টালে আপলোড করার জন্য)।

স্বাক্ষরিত/-
(দেবাংশু কুমার সিংহ)
রেভিনিউ ডেপুটি কালেক্টর
ও
সদস্য সচিব
জেলা আদর্শগ্রাম/গুচ্ছগ্রাম প্রকল্প বাস্তবায়ন কমিটি
দিনাজপুর।

<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-ক) (স্বাক্ষরের ক্রমানুসারে)</u>

০১। জনাব মীর এ.ডি সিদ্দিক, পুলিশ পরিদর্শক, পুলিশ সুপার, দিনাজপুর এঁর পক্ষে।
০২। জনাব মোঃ গোলাম রাব্বী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।
০৩। জনাব এ.বি.এম. রওশন কবীর, উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর ।
০৪। জনাব মোঃ সারওয়ার মোর্শেদ, উপজেলা নির্বাহী অফিসার, বোচাগঞ্জ, দিনাজপুর ।
০৫। জনাব মোঃ নাসিম আহম্মেদ, উপজেলা নির্বাহী অফিসার, কাহারোল, দিনাজপুর।
০৬। জনাব মোহাম্মদ আলম হোসেন, উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর ।
০৭। জনাব মোঃ সাজেবুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, খানসামা, দিনাজপুর।
০৮। জনাব মোঃ গোলাম রব্বানী, উপজেলা নির্বাহী অফিসার, চিরিরবন্দর, দিনাজপুর।
০৯। জনাব তরফদার মাহমুদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার , পার্বতীপুর, দিনাজপুর।
১০। জনাব মোঃ এহেতেশাম রেজা, উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।
১১। জনাব মোঃ মশিউর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।
১২। জনাব মোঃ তৌহিদুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর।
১৩। জনাব মোসাঃ শুকরিয়া পারভীন, উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
১৪। জনাব মোঃ মেজবাউল হোসেন, সহকারী কমিশনার (ভূমি), দিনাজপুর সদর, দিনাজপুর।
১৫। জনাব বিরোদা রানী রায়, সহকারী কমিশনার (ভূমি), বীরগঞ্জ, দিনাজপুর।
১৬। জনাব মোঃ সোলেমান আলী, সহকারী কমিশনার (ভূমি), খানসামা, দিনাজপুর।
১৭। জনাব মোঃ আরাফাত হোসেন, সহকারী কমিশনার (ভূমি), নবাবগঞ্জ, দিনাজপুর।
১৮। জনাব মোঃ এনামুল হক, সহকারী কমিশনার (ভূমি), বিরামপুর, দিনাজপুর।
১৯। জনাব দেবাংশু কুমার সিংহ, রেভিনিউ ডেপুটি কালেক্টর, দিনাজপুর।

<u>সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট- খ)</u>

০১। জনাব মনোরঞ্জন শীল গোপাল মাননীয় সংসদ সদস্য দিনাজপুর-১ ও উপদেষ্টা।
০২। জনাব মোঃ আব্দুর রহমান, বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর।
০৩। জনাব মোঃ গোলাম মোস্তফা, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দিনাজপুর।
০৪। জনাব টি, এম, এ, মমিন, উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
০৫। সহকারী কমিশনার (ভূমি), বিরল, দিনাজপুর।
০৬। জনাব মোঃ ছানাউল ইসলাম, সহকারী কমিশনার (ভূমি), হাকিমপুর, দিনাজপুর।

## পরিশিষ্ট-গ (প্রস্তাবিত নতুন গুচ্ছগ্রাম প্রকল্পের তথ্য)

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | প্রকল্পভুক্ত জমি (একর) | প্রস্তাবিত পরিবারের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | বিরল | হাঁসিলা গুচ্ছগ্রাম | ১.৪৮ | ৩০ | প্রস্তাবে ত্রুটি থাকায় প্রাপ্ত প্রস্তাবসমূহ উপজেলায় ফেরত দেয়া হয়েছে। এখন পর্যন্ত ত্রুটিমুক্ত করে ফেরত দেয়া হয়নি। |
| ২ | বিরল | স্বর্ণপাড়া গুচ্ছগ্রাম | ২.৭৭ | ৫০ | |
| ৩ | কাহারোল | সুন্দরপুর-২ (সম্প্রঃ) | ৫.৭৩ | ৫০ | |
| ৪ | কাহারোল | বাগপুর-২ (সম্প্রঃ) | ৩.৯০ | ৩০ | |
| ৫ | কাহারোল | শিঙ্গাড়ীগাঁও (সম্প্রঃ) | ৭.২৬ | ৩০ | |
| ৬ | কাহারোল | ভাবোরদিঘী (সম্প্রঃ) | ২.০০ | ৩৫ | |
| ৭ | কাহারোল | ইশ্বরগ্রাম-২ (সম্প্রঃ) | ১০.৭২ | ৬০ | |
| ৮ | কাহারোল | ইশ্বরগ্রাম-৩ (সম্প্রঃ) | ৫.২৮ | ৪০ | |
| ৯ | নবাবগঞ্জ | কড়াইবাড়ী গুচ্ছগ্রাম | ১০.৩৮ | ১৪৪ | |
| ১০ | নবাবগঞ্জ | বুজরুক হরিনা গুচ্ছগ্রাম | ২.২৫ | ৬০ | |
| ১১ | নবাবগঞ্জ | জয়পুর গুচ্ছগ্রাম | ৪.৭৩ | ১০০ | |
| ১২ | নবাবগঞ্জ | চকনওদা গুচ্ছগ্রাম | ৩.২১ | ৫২ | |
| ১৩ | ঘোড়াঘাট | নয়নদিঘী-২ | ২.০০ | ৫০ | |

## পরিশিষ্ট- ঘ (অনুমোদনের জন্য প্রেরিত প্রকল্পের তথ্য)

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | প্রকল্পভুক্ত জমি (একর) | প্রস্তাবিত পরিবারের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | দিনাজপুর সদর | খোসালপুর | ১.৬৫ | ৩০ | |
| ২ | বিরল | চন্দনদিঘী আদর্শগ্রাম | ৫.২৩ | ৫০ | |
| ৩ | বোচাগঞ্জ | নাফানগর আদর্শগ্রাম | ৪.৭৬ | ৪০ | |
| ৪ | ঐ | জাবারীপুর | ২.১৫ | ৮০ | |
| ৫ | কাহারোল | শিবপুর | ২.০০ | ৪০ | |
| ৬ | ঐ | কাঠালবাড়ী | ২.৬৬ | ৪০ | |
| ৭ | ঐ | রসূলপুর | ২.৩৩ | ৪০ | |
| ৮ | খানসামা | খামারপাড়া(বর্ধিত) | ২.৮০ | ৩০ | |
| ৯ | ঐ | চাকিনিয়া আদর্শগ্রাম | ৪.৮১ | ৫০ | |
| ১০ | ঐ | শুড়িগাঁও আদর্শগ্রাম | ৫.৬০ | ৫০ | |
| ১১ | বীরগঞ্জ | রসুলপুর আদর্শগ্রাম | ৪.২৮ | ১০২ | |
| ১২ | ঐ | বড়হাট আদর্শগ্রাম | ৩.৯৮ | ৫০ | |
| ১৩ | ঐ | ঘাটিয়াদিঘী আদর্শগ্রাম | ৩.২৮ | ৪৫ | |
| ১৪ | ঐ | ডালাগ্রাম আদর্শগ্রাম | ৩.৮১ | ৪০ | |
| ১৫ | ঐ | চরলক্ষিপুর আদর্শগ্রাম | ২.২৯ | ৩০ | |
| ১৬ | ঐ | ঘোড়াবন্দ আদর্শগ্রাম | ৯.৫১ | ৩০ | |
| ১৭ | ঐ | সদুল্য পাড়া আদর্শগ্রাম | ৭.৩২ | ১১০ | |
| ১৮ | ঐ | কিসমত খড়িকাদাম আদর্শগ্রাম | ৭.১৯ | ৯০ | |
| ১৯ | পার্বতীপুর | দেউল গরুডাঙ্গা | ৩.২৫ | ৯০ | |
| ২০ | ঐ | মরণাই গুচ্ছগ্রাম | ৩.৫০ | ৪০ | |
| ২১ | নবাবগঞ্জ | দেউল হাতিরাম | ৩.৬১ | ৪০ | |
| ২২ | ঐ | জুরাই দামুয়া পুকুর আদর্শগ্রাম | ৪.৪৩ | ৫০ | |
| ২৩ | ঐ | মরনাই আদর্শগ্রাম | ১৭.৭৯ | ৪০ | |
| ২৪ | ঐ | ভেবটগাড়ী করিমপুর | ১৪.৭৮ | ৭০ | |
| ২৫ | ঐ | হরিরামপুর | ৩.৬৫ | ৭০ | |
| ২৬ | ঐ | আখিয়া | ২.৪৮ | ৩৭ | |
| ২৭ | ঐ | পানিয়া(বর্ধিত) | ২.০০ | ১৮ | |
| ২৮ | পার্বতীপুর | মুকধোয়া গুচ্ছগ্রাম | ৭.৪৮ | ২৭ | |
| ২৯ | ঐ | ভেলিপুকুর গুচ্ছগ্রাম | ২.৩৪ | ৪০ | |
| ৩০ | হাকিমপুর | পালী বটতলী-৩ | ৫.০২ | ৩০ | |
| | মোট | ৩০ টি | ১৪৫.৯৮ | ১৪৯৯ | |

## পরিশিষ্ট-ঙ (গৃহ নির্মাণসহ আনুষঙ্গিক কাজের বরাদ্দপ্রাপ্ত প্রকল্পের তথ্য)

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | প্রকল্পভুক্ত জমি (একর) | প্রস্তাবিত পরিবারের সংখ্যা | বরাদ্দপ্রাপ্ত অর্থের পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | কাহারোল | সুন্দরপুর-২ গুচ্ছগ্রাম | ১১.৪৬ | ৪০ | ৬১,৮০,০০০/- | গৃহ নির্মাণের কাজ চলমান রয়েছে। |
| ২ | হাকিমপুর | পালী বটতলী-২ | ১১.৯৮ | ৩০ | ৪৬,৩৫,০০০/- | ঐ |
| ৩ | বিরল | উত্তর পলাশবাড়ী (সম্প্রঃ) গুচ্ছগ্রাম | ৩.০০ | ২৫ | ৪৬,৬৬,০০০/- | ঐ |
| ৪ | কাহারোল | সিঙ্গারীগাঁও (সম্প্রঃ) গুচ্ছগ্রাম | ৭.০৬ | ১০ | ১৫,০৫,০০০/- | ঐ |
| ৫ | কাহারোল | বাগপুর-৩ গুচ্ছগ্রাম | ৩.৯০ | ৩০ | ৪৫,১৫,০০০/- | ঐ |
| ৬ | কাহারোল | সুন্দরপুর-১ (সম্প্রঃ) গুচ্ছগ্রাম | ১১.৪৬ | ৩০ | ৫৪,০৬,৩৫৭/- | ঐ |
| ৭ | কাহারোল | ভাবোরদিঘী গুচ্ছগ্রাম | ২.০০ | ৩০ | ৪৫,১৫,০০০/- | ঐ |
| ৮ | বীরগঞ্জ | কাশিমনগর-২ | ১০.১১ | ৪০ | ৬০,৪৫,৫০০/- | ঐ |
| ৯ | খানসামা | সুবর্ণখালী আদিবাসী-২ গুচ্ছগ্রাম | ৩.৩৪ | ৪০ | ৪৫,১৫,০০০/- | ঐ |
| ১০ | পার্বতীপুর | ইন্দ্রপুর দুরাকুঠি (সম্প্রঃ) গুচ্ছগ্রাম | ৫.৬৫ | ১৫ | ২২,৮৩,০০০/- | ঐ |
| ১১ | পার্বতীপুর | রিফিউজিপাড়া-২ গুচ্ছগ্রাম | ২.৪০ | ৪০ | ৬১,৪২,৬৪৩/- | ঐ |

**পরিশিষ্ট –চ (মাটির কাজ সম্পাদিত প্রকল্পের তথ্য)**

| ক্রঃ নং | উপজেলার নাম | আদর্শ গ্রামের নাম | প্রকল্পভুক্ত জমি | প্রস্তাবিত গৃহের সংখ্যা | বরাদ্দকৃত গম/চাল | মাটির কাজ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | বীরগঞ্জ | ঘোড়াবান্দা(বর্ধিত) | ৩০.৬১ | ৬৫ | ৭৯.২২৮ | ১০০% | |
| ২ | বীরগঞ্জ | চিলকুড়া | ৪.৫০ | ৪০ | ৩০.২৪৪ | ১০০% | |
| ৩ | বীরগঞ্জ | হাতিডোবা | ৩.৩১ | ৪২ | ৩৩.০৩২ | ১০০% | |
| ৪ | বীরগঞ্জ | খোদ্দাপাড়া(বর্ধিত) | ১.৩৭ | ২১ | ২০.৭১৬ | ১০০% | |
| ৫ | কাহারোল | ইশ্বরগ্রাম | ৫.৫০ | ৪৮ | ৬১.৩৬৬ | ১০০% | |
| ৬ | কাহারোল | পঃ সুলতানপুর(বর্ধিত) | ১.৫৮ | ৪০ | ১৫.৪৭১ | ১০০% | |
| ৭ | কাহারোল | কাশিমপুর | ৬.৭৬ | ৬০ | ৩৮.১১৩ | ১০০% | |
| ৮ | পার্বতীপুর | গোবিন্দপুর | ৪.১৮ | ৬০ | ১৯.৭৩৯ | ১০০% | |
| ৯ | পার্বতীপুর | দেউল কাশিপুকুর | ২.০০ | ৪০ | ৭৩.৩০৩ | ১০০% | |
| ১০ | পার্বতীপুর | কালিকাবাড়ী | ৭.৮২ | ৪০ | ১১৩.৫২২ | ১০০% | |
| ১১ | পার্বতীপুর | বড়দল | ৯.০৭ | ১০০ | ৫৪.৬৪৫ | ১০০% | |
| ১২ | নবাবগঞ্জ | পানিয়া | ৪.৩২ | ৩০ | ৩৪.৪৮১ | ১০০% | |
| ১৩ | নবাবগঞ্জ | জয়পুর | ৪.৭৯ | ৩১ | ৪২.১১৭ | ১০০% | |
| ১৪ | নবাবগঞ্জ | জিগাগর | ৩.৫২ | ৩০ | ২৩.৭১৯ | ১০০% | |
| ১৫ | নবাবগঞ্জ | চকনওদা | ৩.২১ | ৫২ | ২৭.২৭৮ | ১০০% | |
| ১৬ | নবাবগঞ্জ | বুজরুক হরিনা | ২.২৫ | ৩০ | ২০.১৮৬ | ১০০% | |
| ১৭ | নবাবগঞ্জ | ডোমারপাড়া | ৩.৬৭ | ৭৫ | ৫৫.৮১৫ | ১০০% | |
| ১৮ | নবাবগঞ্জ | কোড়াইবাড়ী পরগণা | ১০.৩৮ | ১৪৪ | ১৭৭.১৩৪ | ১০০% | |
| ১৯ | বিরামপুর | বনশ্রী | ৩.৯০ | ৫০ | ৪৮.৬৯০ | ১০০% | |
| ২০ | বিরামপুর | সন্ধা | ২.৩৫ | ২০ | ৪৫.৪৯১ | ১০০% | |
| | মোট= | ২০ টি | ১১৫.০৯ | ১০১৮ | ১০১৪.২৯ | ১০০% | |

**পরিশিষ্ট-ছ (২০০৯ হতে এ পর্যন্ত বাস্তবায়িত আদর্শগ্রাম(গচ্ছগ্রাম) প্রকল্পের তথ্য)**

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | প্রকল্পভূক্ত জমি | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | অনুমোদিত নথির সংখ্যা | কবুলিয়ত রেজিষ্ট্রি সংখ্যা | নামজারীর সংখ্যা | অসম্পন্ন কবুলিয়ত রেজিস্ট্রি/ বন্দোবস্ত সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বিরল | উঃ পলাশবাড়ী | ৮.৬৯ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ২ | | মহেষদিঘি | ৯.০৬ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ৩ | | মোলানপুকুর | ১.৫৫ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ৪ | কাহারোল | সিংগাড়ীগাঁও | ৭.২৬ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ৫ | | বাগপুর-২ | ৬.৫৭ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ৬ | | সুন্দরপুর-১ | ৫.৭৩ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- | |
| ৭ | বীরগঞ্জ | ধুলাইড়ী-১ (সম্প্রঃ) | ৪.৬৪ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- | |
| ৮ | | ধুলাউড়ী-২ (সম্প্রঃ) | ৭.১৫ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ৯ | | মাহাতাবপুর-২ | ৩.১৫ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১০ | | কাশিমনগর-১ | ১০.১১ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১১ | খানসামা | সূবর্ণখালী আদিবাসী | ৩.৩৪ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১২ | | বাসুলি | ৭.১২ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১৩ | চিরিরবন্দর | ছোট বাউল শ্মশান কালী | ২.৭০ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- | |
| ১৪ | পার্বতীপুর | কাশিপুকুর | ১০.৩৯ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- | |
| ১৫ | | ইন্দ্র দুড়াকুটি গুচ্ছগ্রাম | ৫.৬৫ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১৬ | | রিফিউজিপাড়া-১ গুচ্ছগ্রাম | ৩.৩৫ | ৪০ | - | - | - | - | |
| ১৭ | নবাবগঞ্জ | হাসারপাড়া | ৭.১৫ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১৮ | | শাহজাদপুর | ২.৫৩ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ১৯ | হাকিমপুর | আলীর হাট-২ | ৭.৫০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- | |
| ২০ | | পালী বটতলী গুচ্ছগ্রাম প্রকল্প | ১১.৯৮ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | | |
| ২১ | ঘোড়াঘাট | নয়ন দিঘী | ১১.৭৭ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- | |
| | | | মোট | ৭২০ | ৬৮০ | ৬৮০ | ৬৮০ | -- | |

**পরিশিষ্ট-জ (পূর্বে বাস্তবায়িত আদর্শগ্রাম(গুচ্ছগ্রাম) প্রকল্পের তথ্য)**

| ক্রমিক নং | উপজেলার নাম | প্রকল্পের নাম | প্রকল্পভূক্ত জমি | পুনর্বাসিত পরিবারের সংখ্যা | অনুমোদিত নথির সংখ্যা | কবুলিয়ত রেজিষ্ট্রির সংখ্যা | নাম জারীর সংখ্যা | অসম্পন্ন কবুলিয়ত রেজিস্ট্রি/ বন্দোবস্ত সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | বিরল | বাইবোদীঘি | ১১.৬৬ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ২ | বিরল | সন্যাসী | ১০.৩১ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- |
| ৩ | নবাবগঞ্জ | হরিরামপুর | ৬.৮৮ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | -- |
| ৪ | নবাবগঞ্জ | বেড়ামালিয়া | ৬.৮৮ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | -- |
| ৫ | বীরগঞ্জ | কুতুলপুর | ৪.৮০ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- |
| ৬ | বীরগঞ্জ | শতগ্রাম | ৫.৩৬ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ৭ | বীরগঞ্জ | গান্ডারা | ৬.৩১ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ৮ | বীরগঞ্জ | খদ্দাপাড়া | ৫.১৩ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ৯ | বীরগঞ্জ | রসুলপুর | ৩.৩৫ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ১০ | বীরগঞ্জ | মাহাতাবপুর | ১২.৮৬ | ৯০ | ৯০ | ৯০ | ৯০ | -- |
| ১১ | খানসামা | নলবাড়ী | ৪.১২ | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | -- |
| ১২ | কাহারোল | পঃ সুলতানপুর | ১০.৫৮ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ১৩ | কাহারোল | নলাহার | ৯.১৯ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ১৪ | ঘোড়াঘাট | আমড়া | ৫.৩০ | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | -- |
| ১৫ | হাকিমপুর | আলীহাট | ৭৫.০০ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | -- |
| ১৬ | হাকিমপুর | কৃষ্টপুর | ৪.০০ | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | -- |
| ১৭ | ফুলবাড়ী | গনিপুর | ৪.৫১ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ১৮ | বিরামপুর | রতনপুর | ৮.৭৬ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- |
| ১৯ | বীরগঞ্জ | ঘোড়াবান্দা | ৯.১৮ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | -- |
| ২০ | বীরগঞ্জ | ডাকেশ্বরী | ৫.৪৩ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ২১ | কাহারোল | বাগপুর-১ | ৭.৭৩ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ২২ | হাকিমপুর | শাকরাইল | ৬.০৫ | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | -- |
| ২৩ | খানসামা | চক কাঞ্চন | ১২.০৬ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ২৪ | খানসামা | খামারপাড়া | ১১.৫৩ | ৭০ | ৭০ | ৭০ | ৭০ | -- |
| ২৫ | খানসামা | নেউলা-১ | ১৪.১৫ | ৪০ | ৪০ | ৪০ | ৪০ | -- |
| ২৬ | খানসামা | আগ্রা | ৪.৮৯ | ৮০ | ৮০ | ৮০ | ৮০ | -- |
| ২৭ | খানসামা | ভাবকী | ৫.৫৪ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- |
| ২৮ | খানসামা | আলোকঝাড়ী | ৫.২১ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | -- |
| মোট | | ২৮টি | ১৯৬.৪১ | ১৪৭০ | ১৪৭০ | ১৪৭০ | ১৪৭০ | -- |